# স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা ২০২২

(তথ্য অধিকার আইন-২০০৯, তথ্য অধিকার (তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা) প্রবিধানমালা, ২০১০
এবং তথ্য কমিশনের স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা এর আলোকে প্রণীত)

NORTH-WEST
POWER GENERATION
COMPANY LIMITED

## নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্টা নং |
|---|---|---|
| | **প্রথম অধ্যায় : নির্দেশিকার সাধারণ বিষয়াদি** | |
| ১.১ | নামকরণ | ৩ |
| ১.২ | জারির তারিখ | ৩ |
| ১.৩ | কর্তৃপক্ষ ও প্রয়োগক্ষেত্র | ৩ |
| | **দ্বিতীয় অধ্যায়: প্রাথমিক বিষয়াদি** | |
| ২.১ | নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের পরিচিতি | ৩ |
| ২.২ | নির্দেশিকার উদ্দেশ্য | ৪ |
| ২.৩ | তথ্য অবমুক্তকরণ নীতি | ৪ |
| ২.৪ | সংজ্ঞা | ৪ |
| | **তৃতীয় অধ্যায়: তথ্যের শ্রেণীবিন্যাস** | |
| ৩.১ | তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনার জন্য তথ্যের শ্রেণী | ৫ |
| ৩.২ | প্রকাশযোগ্য তথ্যের শ্রেণী | ৬ |
| ৩.২.১ | স্ব-প্রণোদিত তথ্য | ৬ |
| ৩.২.২ | চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্য | ৮ |
| ৩.২.৩ | কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয় | ৮ |
| ৪ | তথ্যের ভাষা | ৮ |
| ৫ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব এবং কর্মপরিধি | ৮ |
| ৬ | আবেদন প্রক্রিয়া | ৯ |
| ৭ | তথ্য প্রদানের সময়সীমা | ৯ |
| ৮ | তথ্যের মূল্যতালিকা | ১০ |
| ৯ | তথ্য প্রদানে অপারগতা | ১০ |
| ১০ | আপীল প্রক্রিয়া ও সময়সীমা | ১০ |
| ১১ | পরিশিষ্ট-১: তথ্য অবমুক্তকরণের ছক | ১১ |
| | পরিশিষ্ট-২: ফরমের তালিকা | ১১ |
| | ফরম ক: তথ্য প্রাপ্তির আবেদনপত্র | ১২ |
| | ফরম খ: তথ্য সরবরাহের অপারগতার নোটিশ | ১৩ |
| | ফরম গ: আপীল আবেদন | ১৪ |
| | ফরম ঘ: তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য নির্ধারণ ফি | ১৫ |

## প্রথম অধ্যায়: নির্দেশিকার সাধারণ বিষয়াদি

**১.১ নামকরণ :** ‘স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা ২০২২’;

**১.২ নির্দেশিকা জারির তারিখ:** ডিসেম্বর, ২০২২;

**১.৩ কর্তৃপক্ষ ও প্রয়োগক্ষেত্র :** নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এবং এর আওতাধীন বিদ্যুৎ কেন্দ্র, বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প ও কর্পোরেট দপ্তরসমূহ।

## দ্বিতীয় অধ্যায় : প্রাথমিক বিষয়াদি

### ২.১ নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের পরিচিতি

দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ ও বিদ্যুৎ সিস্টেমের লো-ভোল্টেজ সমস্যা নিরসনকল্পে সিরাজগঞ্জ ১৫০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট প্রকল্প এবং খুলনা ১৫০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট প্রকল্পদ্বয়ে অর্থায়নের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও এডিবির মধ্যে গত ২৮.০৬.২০০৭ তারিখে একটি ঋণ চুক্তি (ঋণ নং- ২৩৩২-বিএএন) স্বাক্ষরিত হয়। এডিবির ঋণ কার্যকর করার লক্ষ্যে গত ২৮.০৮.২০০৭ ইং তারিখে বাংলাদেশ সরকার প্রণীত বিদ্যুৎ খাত সংস্কার নীতিমালা এবং কোম্পানি আইন ১৯৯৪ এর আওতায় নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ (বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান) গঠিত হয়।

বিদ্যুৎ দেশের অর্থনৈতিক উন্নতির মূল চালিকাশক্তি। জিডিপি-এর টেকসই প্রবৃদ্ধি এবং দেশের ক্রমবর্ধমান অর্থনীতিতে টিকে থাকার জন্য টেকসই, নির্ভরযোগ্য এবং সাশ্রয়ী বিদ্যুৎ সরবরাহের প্রয়োজন। আর্থিক সীমাবদ্ধতা ও গ্যাস সরবরাহের অপ্রতুলতা থাকা সত্ত্বেও বাংলাদেশ সরকার দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে। সরকার মিশ্র জ্বালানি (গ্যাস, কয়লা, তরল জ্বালানি, পারমাণবিক শক্তি, নবায়নযোগ্য জ্বালানি), প্রতিবেশী দেশ থেকে বিদ্যুৎ আমদানি এবং লোড ম্যানেজমেন্ট-এর মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন তথা সরবরাহ বৃদ্ধির লক্ষ্যে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মসূচি গ্রহণ করেছে। সরকারের মাস্টার প্ল্যান ২০৩০ সালের মধ্যে ৪০,০০০ মেগাওয়াট এবং ২০৪১ সালের মধ্যে ৬০,০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা রয়েছে। সরকারের এই অভীষ্ট লক্ষ্য অর্জনে অংশীজন হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) নিরলসভাবে নিয়ত কাজ করে যাচ্ছে।

কোম্পানির আওতায় বর্তমানে নয়টি বিদ্যুৎ কেন্দ্র চলমান রয়েছে। বিদ্যুৎ কেন্দ্রগুলি দেশের বিদ্যুৎ চাহিদা পূরণসহ আর্থ-সামাজিক উন্নয়নে ব্যাপক ভূমিকা পালন করছে। কোম্পানি সাশ্রয়ী মূল্যে সব ধরণের জ্বালানি ব্যবহারের মাধ্যমে যে কোন আকারের বিদ্যুৎ কেন্দ্র বাস্তবায়নের সক্ষমতা অর্জন করেছে। বিদ্যুৎ খাতে অসামান্য অর্জনের জন্য কোম্পানি বিভিন্ন জাতীয়, আন্তর্জাতিক পুরস্কার ও স্বীকৃতি পেয়েছে। এছাড়া, নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড আইএসও ৯০০১:২০১৫, আইএসও ১৪০০১:২০১৫, আইএসও ৪৫০০১:২০১৮ সনদ অর্জন করেছে। ‘বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহ ২০১৮’-এর উদ্বোধনী অনুষ্ঠানে দ্রুত বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির স্বীকৃতি স্বরূপ মাননীয়

প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাত থেকে পুরস্কার গ্রহণ করেন কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌঃ এ. এম. খোরশেদুল আলম।

কোম্পানির বর্তমান বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ৩০৬৩.১৩ মেঃওঃ। আশা করা যায়, ২০৩০ সালের মধ্যে কোম্পানির বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা ৯,৫০০ মেঃওঃ এর উর্ধ্বে হবে। এছাড়া, কোম্পানিটি দ্রুততম সময়ে শক্তিশালী ব্রান্ড ইমেজসহ দেশের নেতৃত্বশীল বিদ্যুৎ উৎপাদনকারী সংস্থায় পরিগণিত হবে।

## ২.২ নির্দেশিকার উদ্দেশ্য

তথ্য অধিকার আইন-২০০৯ এর আলোকে অবাধ ও স্বচ্ছ তথ্যপ্রবাহ নিশ্চিতকরণের লক্ষ্যে স্বপ্রণোদিত তথ্যের ক্যাটালগ ও ক্যাটাগরি নির্ধারণ করাই হচ্ছে এ নির্দেশিকা প্রণয়নের মূল উদ্দেশ্য। তথ্য অধিকার আইন-২০০৯ প্রণয়নের মাধ্যমে আইনের বিধান সাপেক্ষে কর্তৃপক্ষের নিকট হতে প্রত্যেক নাগরিকের তথ্য লাভের অধিকার যেমন নিশ্চিত করা হয়েছে, তেমনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে যেকোন নাগরিকের যাচিত তথ্য সরবরাহ করার বাধ্যবাধকতা আরোপ করা হয়েছে। ফলে, জনগণের শাসনতান্ত্রিক ও আইনগতভাবে তথ্য লাভের অধিকার নিশ্চিত করার লক্ষ্যে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের জনসম্পৃক্ত তথ্য অবমুক্তকরণ ও প্রচারের লক্ষ্যে একটি বিধিগত কাঠামো প্রণয়ন এ নির্দেশিকার অন্যতম উদ্দেশ্য।

## ২.৩ তথ্য অবমুক্তকরণ নীতি

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে দেশকে স্বয়ম্ভর ও সমৃদ্ধ করার লক্ষ্যে বিভিন্ন প্রকার নীতি ও কর্ম-কৌশল অবলম্বন করে থাকে। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড অবাধ তথ্য প্রবাহ নিশ্চিতকল্পে এতদসংক্রান্ত সকল কর্মকান্ড বিদ্যুৎ সংশ্লিষ্ট অংশীজন (Stakeholder) এবং নাগরিকদের জন্য উন্মুক্ত রাখার নীতিতে বিশ্বাস করে। স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন নিশ্চিতকরণের উদ্দেশ্যে অত্র কোম্পানি দেশের নাগরিকদের তথ্য প্রাপ্তির অধিকারকে অগ্রাধিকার প্রদানের নীতিতেও বিশ্বাসী।

## ২.৪ সংজ্ঞা

ক) **তথ্য:** 'তথ্য' অর্থে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের গঠন, কাঠামো ও দাপ্তরিক কর্মকান্ড সংক্রান্ত যে কোন স্মারক, বই, নকশা, মানচিত্র, চুক্তি, তথ্য-উপাত্ত, লগবই, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনা, পত্র, প্রতিবেদন, হিসাব বিবরণী, প্রকল্প প্রস্তাব, আলোকচিত্র, অডিও, ভিডিও, অংকিতচিত্র, ফিল্ম, ইলেকট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যে কোন ইনস্ট্রুমেন্ট, যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিলাদি এবং ভৌতিক গঠন ও বৈশিষ্ট্য নির্বিশেষে অন্য যে কোন তথ্যবহ বস্তু বা তাদের প্রতিলিপিও এর অন্তর্ভুক্ত হবে। তবে শর্ত থাকে যে, দাপ্তরিক নোট বা নোটের প্রতিলিপি এর অন্তর্ভুক্ত হবে না;

(খ) **তথ্য অধিকার:** 'তথ্য অধিকার' অর্থে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের নিকট হতে তথ্য প্রাপ্তির অধিকার বোঝাবে;

(গ) **দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা:** তথ্য অধিকার আইনের ১০ ধারা অনুযায়ী তথ্য সরবরাহের জন্য নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের নিয়োজিত কর্মকর্তা;

(ঘ) **তথ্য প্রদান ইউনিট:** নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অধীনে গঠিত তথ্য প্রদান ইউনিট;

(ঙ) **কর্তৃপক্ষ:** কর্তৃপক্ষ বলতে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের কর্তৃপক্ষকে বোঝাবে;

(চ) **আপীল কর্তৃপক্ষ:** আপীল কর্তৃপক্ষ বলতে কোম্পানি সচিব, নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-কে বোঝাবে;

(ছ) **তথ্য কমিশন:** তথ্য অধিকার আইন, ২০০৯ (২০০৯ সালের ২০ নং আইন) এর অধীনে প্রতিষ্ঠিত তথ্য কমিশন।

## তৃতীয় অধ্যায়: তথ্যের শ্রেণীবিন্যাস

৩.১ **তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনার জন্য তথ্যের শ্রেণীঃ** তথ্য অধিকার (তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা) প্রবিধানমালা, ২০১০ মোতাবেক তথ্য সংরক্ষণের উদ্দেশ্যে নিম্নোক্ত ৪ (চার) টি শ্রেণীতে বিভক্ত করা হয়েছে, যথা-

(ক) **'ক' শ্রেণীর তথ্য:** স্থায়ী রেকর্ড এবং স্থায়ী প্রকৃতির মূল্যবান নথিসমূহ 'ক' শ্রেণীর তথ্যের অন্তর্ভূক্ত। নিম্নোক্ত তথ্য 'ক' শ্রেণীভুক্তঃ

১. নীতি, আইন, বিধি এবং প্রবিধান সংক্রান্ত গুরুত্বপূর্ণ বিষয়ের ওপর আলোচনা ও আদেশ সম্বলিত তথ্য;
২. বরাতসূত্রে (Reference) নির্দেশের ব্যাপারে সুদীর্ঘকালের জন্য প্রয়োজন হতে পারে, এরূপ গুরুত্বপূর্ণ আদেশের পূর্বদৃষ্টান্ত (Precedent) বিষয়ক তথ্যাদি;
৩. স্থায়ীভাবে সংরক্ষণ করা প্রয়োজন এরূপ গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ সম্পর্কিত তথ্যাদি; এবং
৪. রাষ্ট্রীয় দলিলপত্র, যেমন- সন্ধিপত্র এবং বিদেশের সাথে চুক্তিপত্র।

(খ) **'খ' শ্রেণীর তথ্য:** এরূপ তথ্য হবে অর্ধস্থায়ী রেকর্ড এবং এসব তথ্য ১০ (দশ) বছর বা তদুর্ধ্ব সময়ের জন্যে সংরক্ষণ করতে হবে। কর্তৃপক্ষের আওতাধীন কর্মচারীদের সার্ভিস রেকর্ড, উন্নয়ন প্রকল্প, বাজেট, সরকার কর্তৃক বিভিন্ন সময়ে গঠিত কমিশন/কমিটির গুরুত্বপূর্ণ প্রতিবেদন এবং সরকারের গুরুত্বপূর্ণ নির্বাহী আদেশ সংক্রান্ত তথ্যাদি এ শ্রেণীর অন্তর্ভুক্ত। এ সকল তথ্য কর্তৃপক্ষ সূচিপত্রসহ ০৩ (তিন) বছরের জন্য সংরক্ষণ করবে এবং এরপর এ সকল তথ্য সংরক্ষণাগারে (Record Room) পাঠাতে হবে।

(গ) **‘গ’ শ্রেণীর তথ্য:** এ সকল তথ্য হবে সাধারণ ধরনের রেকর্ড এবং এ সকল তথ্য ৩ (তিন) হতে ৫ (পাঁচ) বছরের জন্য সংরক্ষণ করতে হবে। যেমন- সুনির্দিষ্ট সময়ের জন্য দপ্তরে রক্ষিত হওয়ার পর বিনষ্টযোগ্য ক্রয়-বিক্রয়, অস্থায়ী পদ সৃজন, কর্মকর্তাদের বদলি ও প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি এবং এ প্রকৃতির অন্যান্য দলিল।

(ঘ) **‘ঘ’ শ্রেণীর তথ্য:** ১ (এক) বছর পরে যে সকল তথ্যের প্রয়োজনীয়তা থাকবে না সেসব ‘ঘ’ শ্রেণীর তথ্য। এসব তথ্য হচ্ছে রুটিন তথ্য এবং এগুলো ১ (এক) বছরের জন্য সংরক্ষিত হবে। এসব তথ্যের সূচি করা হবে না।

৩.২ **প্রকাশযোগ্য তথ্যের শ্রেণীঃ** তথ্য অধিকার আইন অনুযায়ী প্রত্যেক নাগরিকের তথ্য পাওয়ার অধিকার আছে ও জনগণের চাহিদা অনুযায়ী এসব তথ্য সরবরাহ করতে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড বাধ্য থাকবে। এ প্রেক্ষিতে, তথ্য অধিকার আইন, ২০০৯ এবং তথ্য কমিশনের ‘স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা’ মোতাবেক নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের প্রকাশযোগ্যতা বিবেচনায় তথ্যকে তিনটি শ্রেণীতে বিভক্ত করা হয়েছে, যথাঃ

১. স্ব-প্রণোদিত তথ্য [তথ্য কমিশনের স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা মোতাবেক];
২. চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্য [তথ্য অধিকার আইনের ধারা ৯ (৪) মোতাবেক];
৩. কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয় [তথ্য অধিকার আইন, ধারা (৭) মোতাবেক]।

### ৩.২.১ স্ব-প্রণোদিত তথ্য

তথ্য অধিকার আইন অনুযায়ী এ শ্রেণীর আওতাভূক্ত তথ্য স্ব-প্রণোদিতভাবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের ওয়েবসাইটে (www.nwpgcl.gov.bd) প্রকাশিত থাকবে। এ জাতীয় তথ্যকে প্রতিষ্ঠানের সুবিধার্থে দুটো ভাগে ভাগ করা হয়েছে, যথা-

ক. **কারিগরি তথ্য:** নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর বিদ্যুৎ কেন্দ্র ও প্রকল্প সংক্রান্ত তথ্য কারিগরি তথ্যের আওতাভূক্ত। উদাহরণস্বরূপ- বিদ্যুৎ কেন্দ্রের পরিচালনা, বিদ্যুৎ কেন্দ্রে ব্যবহৃত প্রযুক্তি, ঠিকাদার প্রতিষ্ঠানের নাম, বিনিয়োগকারী সংস্থা, প্রকল্প ব্যয়, ফুয়েল, বাণিজ্যিকভাবে উৎপাদন আরম্ভের তারিখ, মোট উৎপাদন ক্ষমতা ইত্যাদি।

খ. **অকারিগরি তথ্য:** নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর বিদ্যুৎ কেন্দ্র ও প্রকল্প সংক্রান্ত তথ্য বাদে অন্যান্য সকল তথ্য অ-কারিগরি তথ্যের আওতাভূক্ত। উদাহরণস্বরূপ- কর্মকর্তা/কর্মচারীদের এনওসি, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, শুদ্ধাচার কৌশল, উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দের যোগাযোগের ঠিকানা, নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি, বার্ষিক ক্রয় পরিকল্পনা, সিটিজেন চার্টার, স্বাস্থ্য ও নিরাপত্তা, বার্ষিক প্রতিবেদন, নিউজ ও ইভেন্ট, টেন্ডার নোটিশ, সচেতনতামূলক প্রচারণা, সরকারের বিদ্যুৎখাতের সফলতার প্রচারণা ইত্যাদি।

অত্র কোম্পানির স্বপ্রণোদিত তথ্যের (কারিগরি/অকারিগরি) তালিকা নিম্নরূপঃ

| স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা | | | | |
|---|---|---|---|---|
| **ক্রম** | **তথ্যের বিবরণ** | **তথ্য প্রকাশের মাধ্যম** | **তথ্য হালনাগাদের সময়** | **তথ্য হালনাগাদের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা / দপ্তর** |
| **কারিগরি তথ্য** | | | | |
| ১. | বিদ্যুৎ কেন্দ্রের তথ্য | ওয়েবসাইট | প্রয়োজন অনুসারে | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি) |
| ২. | প্রকল্পসমূহের তথ্য | ওয়েবসাইট | মাসিক | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি) |
| **অকারিগরি তথ্য** | | | | |
| ৩. | বহিঃবাংলাদেশ ছুটি | ওয়েবসাইট | তাৎক্ষণিক | উপমহাব্যবস্থাপক (মানবসম্পদ), ব্যবস্থাপক (প্রশাসন) |
| ৪. | কর্মকর্তা/কর্মচারীদের এনওসি | ওয়েবসাইট | তাৎক্ষণিক | মানবসম্পদ / আইসিটি |
| ৫. | বদলীর আদেশ | মুদ্রিত অনুলিপি ও ওয়েবসাইট | তাৎক্ষণিক | উপ-মহাব্যবস্থাপক (মানবসম্পদ)/ ব্যবস্থাপক (মানবসম্পদ) |
| ৬. | সমন্বয় সভার নোটিশ | মুদ্রিত অনুলিপি ও ওয়েবসাইট | মাসিক | ব্যবস্থাপক (প্রশাসন) |
| ৭. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | মুদ্রিত অনুলিপি ও ওয়েবসাইট | বাৎসরিক | উপ-মহাব্যবস্থাপক (মানবসম্পদ) / ব্যবস্থাপক (প্রশাসন) |
| ৮. | শুদ্ধাচার কৌশল | মুদ্রিত অনুলিপি ও ওয়েবসাইট | বাৎসরিক | উপ-মহাব্যবস্থাপক (মানবসম্পদ) / ব্যবস্থাপক (প্রশাসন) |
| ৯. | উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দের যোগাযোগের ঠিকানা | ওয়েবসাইট | প্রয়োজন অনুসারে | উপ-মহাব্যবস্থাপক (মানবসম্পদ)/ ব্যবস্থাপক (প্রশাসন)/ ব্যবস্থাপক (আইসিটি) |
| ১০. | নিয়োগসংক্রান্ত বিজ্ঞপ্তি | মুদ্রিত অনুলিপি ও ওয়েবসাইট | প্রয়োজন অনুসারে | উপ-মহাব্যবস্থাপক (মানবসম্পদ)/ ব্যবস্থাপক (মানবসম্পদ) |
| ১১. | আইএমএস কার্যক্রম | মুদ্রিত অনুলিপি ও ওয়েবসাইট | প্রয়োজন অনুসারে | ব্যবস্থাপক (ইএইচএস) |
| ১২. | বার্ষিক ক্রয় পরিকল্পনা | মুদ্রিত অনুলিপি ও ওয়েবসাইট | বাৎসরিক | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ক্রয়) |
| ১৩. | উদ্ভাবনী কার্যক্রম | মুদ্রিত অনুলিপি ও ওয়েবসাইট | বাৎসরিক | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি)/ ব্যবস্থাপক (আইসিটি) |

| স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা | | | | |
|---|---|---|---|---|
| **ক্রম** | **তথ্যের বিবরণ** | **তথ্য প্রকাশের মাধ্যম** | **তথ্য হালনাগাদের সময়** | **তথ্য হালনাগাদের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা / দপ্তর** |
| ১৪. | সিটিজেন চার্টার | মুদ্রিত অনুলিপি ও ওয়েবসাইট | ত্রৈমাসিক/ প্রয়োজন অনুসারে | উপ-মহাব্যবস্থাপক (মানবসম্পদ) / ব্যবস্থাপক (প্রশাসন) |
| ১৫. | স্বাস্থ্য ও নিরাপত্তা | ওয়েবসাইট | ট্রেনিং প্ল্যান অনুযায়ী/ প্রয়োজন অনুসারে | উপ-মহাব্যবস্থাপক (মানবসম্পদ)/ ব্যবস্থাপক (প্রশাসন)/ মেডিকেল অফিসার |
| ১৬. | বার্ষিক প্রতিবেদন | মুদ্রিত কপি ও ওয়েবসাইট | বাৎসরিক | কোম্পানি সচিব, সহকারী ব্যবস্থাপক (জনসংযোগ) |
| ১৭. | ইআইএ ও অন্যান্য পরিবেশগত প্রতিবেদন | ওয়েবসাইট | বাৎসরিক | ব্যবস্থাপক (ইএইচএস) |
| ১৮. | নিউজ ও ইভেন্ট | ওয়েবসাইট/ফেসবুক পেইজ | প্রয়োজন অনুসারে | সহকারী ব্যবস্থাপক (জনসংযোগ) |
| ১৯. | টেন্ডার নোটিশ | মুদ্রিত অনুলিপি ও ওয়েবসাইট | প্রয়োজন অনুসারে | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ক্রয়) |
| ২০. | সচেতনতামূলক প্রচারণা | ওয়েবসাইট/ফেসবুক পেইজ | ট্রেনিং প্ল্যান অনুযায়ী/ প্রয়োজন অনুসারে | উপ-মহাব্যবস্থাপক (মানবসম্পদ) / ব্যবস্থাপক (প্রশাসন) / ব্যবস্থাপক (আইসিটি)/উপ-ব্যবস্থাপক (প্রশিক্ষণ) সহকারী ব্যবস্থাপক (জনসংযোগ) |
| ২১. | সরকারের বিদ্যুৎ খাতের সফলতার প্রচারণা | ওয়েবসাইট/ ফেসবুক পেইজ | প্রয়োজন অনুসারে | সহকারী ব্যবস্থাপক (জনসংযোগ) |

**নোটঃ উপরে উল্লিখিত তথ্য হালনাগাদের জন্য দায়িত্বপ্রাপ্ত দপ্তর যথাসময়ে আইসিটি বিভাগে তথ্য প্রদান করবে এবং আইসিটি বিভাগ প্রাপ্ত তথ্য ওয়েবসাইটে হালনাগাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।**

### ৩.২.২ চাহিবামাত্র প্রদানে বাধ্য তথ্য

এ শ্রেণীর আওতাভুক্ত তথ্য নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের অনুমোদন ব্যতিরেকেই দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা চাহিদাকারীকে প্রদান করতে পারবে। এরূপ তথ্য নিম্নরূপঃ

ক) বৈদেশিক প্রশিক্ষণ/বিদেশ ভ্রমণ সংক্রান্ত তথ্য;
খ) কোম্পানি/বোর্ডের পরিচালক সংক্রান্ত তথ্য;
গ) কোম্পানির উল্লেখযোগ্য ক্রয় সংক্রান্ত সাধারণ তথ্য;
ঘ) কোম্পানির বার্ষিক অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্য;
ঙ) কোম্পানির কর্মকর্তাদের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পন।

### ৩.২.৩ কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়

তথ্য অধিকার আইন-২০০৯ এর ৭ ধারায় বর্ণিত নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের জন্য প্রযোজ্য কতিপয় তথ্য যা কোন নাগরিককে প্রদান করতে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড বাধ্য থাকবে না। উক্ত তথ্যসমূহ নিম্নরূপঃ

ক) তথ্য অধিকার আইন ২০০৯ এর ৭ ধারায় উল্লেখিত তথ্য ;
খ) কোম্পানির গোপনীয় সিদ্ধান্ত/নির্দেশনা;
গ) কোম্পানির কর্মকর্তা-কর্মচারীগণের ব্যক্তিগত তথ্য;
ঘ) কোম্পানির বিদ্যুৎ কেন্দ্রের গোপনীয় বিষয় সংক্রান্ত তথ্য;
ঙ) রাষ্ট্রীয় নিরাপত্তা ও গোয়েন্দা কাজে নিয়োজিত সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রতিবেদন;
চ) সরকারিভাবে গোপনীয় হিসেবে ঘোষিত/স্বীকৃত তথ্য।

## ৪. তথ্যের ভাষা

(ক) ৩ নং সেকশনে প্রদেয় যেসব তথ্যের কথা উল্লেখ আছে, সেগুলো নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের আওতাধীন দপ্তরসমূহে ব্যবহৃত বাংলা ভাষায় এবং ক্ষেত্র বিশেষে ইংরেজি ভাষায় পাওয়া যাবে।

(খ) নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড যাচিত তথ্যটি যেভাবে প্রকাশ করেছে, ছাপিয়েছে এবং সংরক্ষণ করেছে, সেভাবেই উহা প্রদান করা হবে।

(গ) নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড কোন তথ্য ভাষান্তর/অন্য ভাষায় অনুবাদ বা রূপান্তর করে দেয়ার দায়িত্ব নেবে না।

## ৫. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব এবং কর্মপরিধি

ক) যাচিত তথ্যের জন্য প্রাপ্ত আবেদনপত্র বাছাই;

খ) তথ্য চাহিদাকারীর সাথে যোগাযোগ এবং বিধি মোতাবেক তথ্য সরবরাহ;

গ) তথ্য সংরক্ষণের বিষয়ে কর্তৃপক্ষকে সহায়তা ও তথ্য অবমুক্তকরণ সম্পর্কে প্রতিবেদন প্রণয়ন করা;

ঘ) ইন্দ্রীয় প্রতিবন্ধী ব্যক্তি তথ্য চাহিদাকারী হলে উক্ত প্রতিবন্ধী ব্যক্তিকে তথ্য লাভে সার্বিক সহায়তা করা;

ঙ) প্রয়োজনে তথ্য কমিশনের কোন পারদর্শী কর্মকর্তার সহযোগিতা/পরামর্শ গ্রহণ করা।

## ৬. আবেদন প্রক্রিয়া

কোন ব্যক্তি তথ্য অধিকার আইনের অধীন তথ্য প্রাপ্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট তথ্য চেয়ে নির্ধারিত ফরমেটে মুদ্রিত ফরমে (ফরম 'ক') বা সাদা কাগজে বা ই-মেইলে আবেদন করতে পারবেন। আবেদনের ফরম নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের অফিসিয়াল ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদনে নিম্নলিখিত বিষয়সমূহের উল্লেখ থাকতে হবেঃ

(অ) আবেদনকারীর নাম, ঠিকানা, প্রযোজ্য ক্ষেত্রে ফোন ও ফ্যাক্স নম্বর এবং ই-মেইল ঠিকানা;

(আ) যে তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে তার নির্ভুল এবং স্পষ্ট বর্ণনা;

(ই) আবেদনকৃত তথ্যের অবস্থান নির্ণয়ের সুবিধার্থে অন্যান্য প্রয়োজনীয় প্রাসঙ্গিক তথ্যাবলী;

(ঈ) কোন পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী তার বর্ণনা অর্থাৎ পরিদর্শন, অনুলিপি নেয়া, নোট নেয়া বা অন্য কোন অনুমোদিত পদ্ধতি;

(উ) আবেদনকারী প্রতিবন্ধী হলে সহায়তাকারীর তথ্য।

## ৭. তথ্য প্রদানের সময়সীমা

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদনকৃত তথ্যের সাথে একাধিক তথ্য প্রদান ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা না থাকলে আবেদন প্রাপ্তির তারিখ হতে অনধিক ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে আবেদনকৃত তথ্য সরবরাহ করবেন। অন্যান্য ক্ষেত্রে তথ্য প্রদানের সময়সীমা নিম্নরূপঃ

ক) কোন ব্যক্তির জীবন, মৃত্যু, গ্রেফতার, কারাগার হতে মুক্তি সংক্রান্ত জরুরী বিষয় হলে ২৪ ঘন্টার মধ্যে সাধারণ তথ্য প্রদান করতে হবে [তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা- ৯(৪)];

খ) অনুরোধকৃত তথ্যের সাথে একাধিক ইউনিট/কর্তৃপক্ষ সংশ্লিষ্ট হলে অনধিক ৩০ কার্যদিবসের মধ্যে [তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ (২)];

গ) অনুরোধকৃত তথ্য প্রদানে অপারগ হলে অনধিক ১০ কার্যদিবসের মধ্যে অবহিত করা [তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা -৯(৩)];

## ৮. তথ্যের মূল্যতালিকা

ছাপানো তথ্যের জন্য যেখানে মূল্য নির্ধারিত রয়েছে, সেই প্রতিবেদন বা কপির জন্য উক্ত মূল্য ও অন্যান্য ক্ষেত্রে যুক্তিসংগত মূল্য পরিশোধ করতে হবে। উক্ত মূল্য তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর তফসিল 'ঘ' ফরম অনুযায়ী নির্ধারিত হবে।

## ৯. তথ্য প্রদানে অপারগতা

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন কারণে তথ্য প্রদানে অপারগ হলে অপারগতার কারণ উল্লেখ করে আবেদন পাওয়ার ১০ (দশ) কার্য দিবসের মধ্যে তিনি তা আবেদনকারীকে অবহিত করবেন।

## ১০. আপীল প্রক্রিয়া ও সময়সীমা

কোন ব্যক্তি তথ্য অধিকার আইনের ধারা-৯ (১) (২) বা (৪) এ নির্দিষ্ট সময়সীমার মধ্যে তথ্য লাভে ব্যর্থ হলে কিংবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কোন সিদ্ধান্তে সংক্ষুব্ধ হলে তিনি উক্ত সময়সীমা অতিক্রম হওয়ার পর বা সিদ্ধান্ত পাওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আপীল কর্তৃপক্ষের নিকট আপীল করতে পারবেন। আপীল আবেদনে আপীলের কারণ উল্লেখপূর্বক তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা'র ফরম 'গ' অনুযায়ী করা যাবে। আপীল কর্তৃপক্ষ আপীল আবেদন প্রাপ্তির পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে ৬ বিধি মতে শুনানী শেষে আপীল নিষ্পত্তি করবেন।

নির্দেশক্রমে,

**বিমল চন্দ্র রায় এফসিএস**

কোম্পানি সচিব

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ

**পরিশিষ্ট-১:**

## তথ্য অবমুক্তকরণের ছক

আবেদন সংক্রান্ত তথ্য:

| ক্রমিক নং | মাসের নাম | আবেদনকারীর নাম ও ঠিকানা | আবেদনের বিষয় | সিদ্ধান্ত | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | তথ্য প্রদানকৃত | স্থগিত | খারিজ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

**পরিশিষ্ট-২:**

**ফরমের তালিকা**

(অ) ফরম ‘ক’-তথ্য প্রাপ্তির আবেদন পত্র;

(আ) ফরম ‘খ’ -তথ্য সরবরাহের অপারগতার নোটিশ;

(ই) ফরম ‘গ’-আপীল আবেদন;

(ঈ) ফরম ‘ঘ’- তথ্য প্রাপ্তির অনুরোধ ফি ও তথ্যের মূল্য নির্ধারণ ফি।

**ফরম ‘ক’**
**তথ্য প্রাপ্তির আবেদনপত্র**

| | | | |
|---|---|---|---|
| ১। | আবেদনকারীর নাম | : | ........................... |
| | পিতার নাম | : | ........................... |
| | মাতার নাম | : | ........................... |
| | বর্তমান ঠিকানা | : | ........................... |
| | স্থায়ী ঠিকানা | : | ........................... |
| | ফ্যাক্স, ই-মেইল, টেলিফোন ও মোবাইল ফোন নম্বর (যদি থাকে) | : | ........................... |
| | পেশা | : | ........................... |
| ২। | কী ধরনের তথ্য (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন ) | : | ........................... |
| ৩। | কোন পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী | : | ........................... |
| | (ছাপানো/ফটোকপি/লিখিত/ই-মেইল/ফ্যাক্স/সিডি অথবা অন্য কোন পদ্ধতি) | : | ........................... |
| ৪। | তথ্য গ্রহণকারীর নাম ও ঠিকানা | : | ........................... |
| ৫। | প্রযোজ্য ক্ষেত্রে সহায়তাকারীর নাম ও ঠিকানা | : | ........................... |
| ৬। | তথ্য প্রদানকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | : | ........................... |
| ৭। | আবেদনের তারিখ | : | ........................... |

আবেদনকারীর স্বাক্ষর

**ফরম 'খ'**

**তথ্য সরবরাহে অপারগতার নোটিশ**

তারিখ :

আবেদনপত্রের সূত্র নম্বর :
প্রতি
আবেদনকারীর নাম :
ঠিকানা :

বিষয় : তথ্য সরবরাহের অপারগতা সম্পর্কে অবহিতকরণ ।

প্রিয় মহোদয়,

আপনার ………………… তারিখের আবেদনের ভিত্তিতে প্রার্থিত তথ্য নিম্নোক্ত কারণে সরবরাহ করা সম্ভব হল না, যথা-

১। ……………………………………………

……………………………………………

২। ……………………………………………

……………………………………………

৩। ……………………………………………

……………………………………………

(……………………)
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম
পদবী
দাপ্তরিক সীল

**ফরম ‘গ’**
**আপীল আবেদন**

| | | |
|---|---|---|
| ১। | আপীলকারীর নাম ও ঠিকানা (যোগাযোগের সহজ মাধ্যমসহ) | : ......................... |
| ২। | আপীলের তারিখ | : ......................... |
| ৩। | যে আদেশের বিরুদ্ধে আপীল করা হয়েছে তার কপি (যদি থাকে) | |
| ৪। | যার আদেশের বিরুদ্ধে আপীল করা হইয়াছে তার নামসহ আদেশের বিবরণ (যদি থাকে) | : ......................... |
| ৫। | আপীলের সংক্ষিপ্ত বিবরণ | : ......................... |
| ৬। | আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হওয়ার কারণ (সংক্ষিপ্ত বিবরণ) | : ......................... |
| ৭। | প্রার্থিত প্রতিকারের যুক্তি/ভিত্তি | : ......................... |
| ৮। | আপীলকারী কর্তৃক প্রত্যয়ন | |
| ৯। | অন্য কোন তথ্য যাহা আপীল কর্তৃপক্ষের সম্মুখে উপস্থাপনের জন্য আপীলকারী ইচ্ছা পোষণ করেন | : ......................... |

আপীলকারীর স্বাক্ষর

## ফরম 'ঘ'

## তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য নির্ধারণ ফি

তথ্য সরবরাহের ক্ষেত্রে নিম্নোক্ত টেবিলের কলাম (২) এ উল্লিখিত তথ্যের জন্য উহার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত হারে ক্ষেত্রমত তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য পরিশোধযোগ্য হবে, যথা-

| ক্রঃ নং | তথ্যের বিবরণ | তথ্য প্রাপ্তির অনুরোধ ফি/তথ্যের মূল্য |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | লিখিত কোন ডকুমেন্টের কপি সরবরাহের জন্য (ম্যাপ, নকশা, ছবি, কম্পিউটার প্রিন্টসহ) | এ-৪ ও এ-৩ মাপের কাগজের ক্ষেত্রে প্রতি পৃষ্ঠা ২ (দুই) টাকা হারে এবং তদূর্ধ্ব মাপের কাগজের ক্ষেত্রে প্রকৃত মূল্য |
| ২ | ডিস্ক, সিডি ইত্যাদিতে তথ্য সরবরাহের ক্ষেত্রে | ১) আবেদনকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে বিনামূল্য (২)তথ্য সরবরাহকারী ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে উহার প্রকৃত মূল্য |
| ৩ | কোন আইন বা সরকারি বিধান বা নির্দেশনা অনুযায়ী কাউকে সরবরাহকৃত তথ্যের ক্ষেত্র মূল্যের | বিনামূল্যে |
| ৪ | মূল্যের বিনিময়ে বিক্রয়যোগ্য প্রকাশনার ক্ষেত্রে | প্রকাশনায় নির্ধারিত |